



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
শ্রম অধিদপ্তর
তথ্য প্রযুক্তি ও উন্নয়ন সেল

শ্রম অধিদপ্তরের ২০১৯-২০২০ অর্থ বছরে অনুষ্ঠিত উদ্ভাবনী সভার কার্যবিবরণী।

সভাপতি	এ.কে.এম.মিজানুর রহমান মহাপরিচালক
সভার তারিখ	১৮/০২/২০২০ খ্রি.
সভার সময়	সকাল ১১.০০টা
স্থান	মহাপরিচালক মহোদয়ের সভাকক্ষ
উপস্থিতি	৮

সভাপতি ইনোভেশন টিম এর সদস্যদের স্বাগত জানিয়ে সভার আলোচনা শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে কমিটির সদস্য সচিব সভার আলোচ্যসূচী অনুযায়ী বিষয়ভিত্তিক উপস্থাপন করেন। সভায় ২০১৯-২০ অর্থবছরের উদ্ভবন কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যক্রম বাস্তবায়নের বিষয়ে আলোচনা হয়। এসময় সভাপতি মহোদয় সকল কর্মকর্তাগণকে উদ্ভাবন চর্চায় গুরুত্ব দেওয়ার আহ্বান জানান। এছাড়াও, দপ্তরের তথ্য বাতায়ন নিয়মিতভাবে হালনাগাদ করার বিষয়ে আলোচনা হয়। সভায় আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রম	বিষয়বস্তু	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১	ইনোভেশন কর্ম পরিকল্পনা ২০১৯-২০২০ বাস্তবায়ন	বার্ষিক কর্মপরিকল্পনা অনুযায়ী শ্রম অধিদপ্তরের ইনোভেশন কার্যক্রম পরিচালনা করা ও সেমতে তথ্যবাতায়নের ইনোভেশন কর্নার হালনাগাদ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	ইনোভেশন টিম
২	অনুমোদিত ইনোভেশন আইডিয়ার পাইলটিং	কর্মজীবী মহিলাদের প্রজনন স্বাস্থ্যসেবা সম্পর্কে সচেতনতা তৈরি এবং ফলো-আপ পদ্ধতির ড্রপ-আউট কমানো। দ্রুততার সহিত ইনোভেশন আইডিয়ার পাইলটিং মেন্টর-মেন্টর তালিকাসহ বাস্তবায়ন পরিকল্পনা, আর্থিক সংশ্লেষসহ একটি প্রেজেন্টেশন প্রেরণ সিদ্ধান্ত গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।	পরিচালক (মেডিকেল) ও সহকারী পরিচালক আইসিটি শাখা

৩	মাঠ পর্যায়ে চলমান উদ্ভাবনী প্রকল্পসমূহ সরেজমিন পরিদর্শন ও প্রয়োজনীয় সহায়তা প্রদান	উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কার্যক্রম পরিদর্শন প্রতিবেদন জমা দেয়া এবং সংশ্লিষ্ট বিষয়ের ডাটাবেজ তৈরী এবং সে মতে পরবর্তী কার্যক্রম দ্রুততার সাথে মাঠ পর্যায়ে সম্পন্ন করার বিষয়ে তাগিদ দেয়ার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।	ইনোভেশন টিম ও আইডিয়া প্রদানকারী পরিচালক, বিভাগীয় শ্রম দপ্তর, নারায়নগঞ্জ।
৪	উদ্ভাবনে সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে দুই দিনের প্রশিক্ষণ আয়োজন	১দিন ও ২ দিনের প্রশিক্ষণ দ্রুত সময়ে সম্পন্ন করতে হবে সিদ্ধান্ত গৃহীত হয়।	আইসিটি শাখা ও প্রশিক্ষণ শাখা
৫	ইনোভেশন কোডে বাজেট পর্যালোচনা	অনুমোদিত ইনোভেশন আইডিয়ার পাইলটিং, ইনোভেশন সংক্রান্ত অভ্যন্তরীণ ও বৈদেশিক প্রশিক্ষণ সংক্রান্ত কর্মপরিকল্পনার যথাযথ বাস্তবায়নে ২০১৯-২০ অর্থবছরের বাজেটে ইনোভেশন কোডে বরাদ্দ চাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।	ইনোভেশন টিম ও হিসাব শাখা

সভায় অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



এ.কে.এম.মিজানুর রহমান
মহাপরিচালক

স্মারক নম্বর: ৪০.০২.০০০০.০৪৩.৬৬.০০৭.১৯.২০

তারিখ: ১৩ ফাল্গুন ১৪২৬
২৬ ফেব্রুয়ারি ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
- ২) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালক এর দপ্তর, শ্রম অধিদপ্তর
- ৩) পরিচালক, পরিচালক (প্রশাসন, হিসাব ও সাধারণ), শ্রম অধিদপ্তর
- ৪) পরিচালক, পরিচালক (পরিকল্পনা, পরিসংখ্যান ও তথ্য প্রযুক্তি), শ্রম অধিদপ্তর
- ৫) পরিচালক , বিভাগীয় শ্রম দপ্তর, নারায়নগঞ্জ
- ৬) পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), পরিচালক (মেডিকেল), শ্রম অধিদপ্তর
- ৭) উপ পরিচালক, উপ-পরিচালক (শ্রম কল্যাণ ও বিনোদন), শ্রম অধিদপ্তর
- ৮) অফিস কপি



মোঃ নাজিম আহমেদ
সহকারী পরিচালক